

বিষয়: 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে রচনা আহবান।

মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত বিচারণায় রচনা আহবান করা হচ্ছে:

ক্রমিক নং	শ্রেণি	বিভাগ
১	ষষ্ঠ হতে অষ্টম	ক
২	নবম হতে দশম	খ
৩	একাদশ হতে দ্বাদশ	গ

রচনার জন্য প্রতি জেলার প্রতিটি বিভাগ (ক/খ/গ) থেকে একজন করে এবং জাতীয় পর্যায়ে প্রতি বিভাগে ১০ জন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে।

২। অনুসরণীয় নিয়মাবলী:

লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের (একাদিক হতে পারে) সাদা কাগজে মহান বিজয় দিবস-২০২০-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে অনধিক ১০০০ (এক হাজার) শব্দের একটি রচনা নিজ হাতে লিখবে।

শিক্ষার্থীরা রচনার নিচে বিভাগের নাম (ক/খ/গ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখ করবে। অতঃপর রচনাটি আগামী ২৩/১২/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে দাখিল করবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান লেখার নিচে সিলসহ প্রতিদ্বন্দ্বীর প্রদানপূর্বক আগামী ২৪/১২/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে ই-মেইলে/ডাকযোগে প্রেরণ নিশ্চিত করবেন।

৩। জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটি:

১)	সংশ্লিষ্ট জেলার সর্বপ্রাচীন সরকারি কলেজের অধ্যক্ষ	আহ্বায়ক
২)	সংশ্লিষ্ট জেলা শহরে অবস্থিত পাবলিক পরীক্ষায় সেরা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি যিনি বাংলা ভাষা জানেন	সদস্য
৩)	সংশ্লিষ্ট জেলার জেলা শিক্ষা অফিসার	সদস্য সচিব

৪। জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটির কার্যপরিধি:

- ক) সংশ্লিষ্ট জেলার শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত লেখা আগামী ২৮/১২/২০২০ তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক প্রতি বিভাগের জন্য ২টি করে রচনা নির্বাচন করতে হবে।
- খ) জেলা পর্যায়ে হতে নির্বাচিত লেখার তালিকাসহ মূল লেখা আগামী ২৯/১২/২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করতে হবে। রেজিস্ট্রি তাকে প্রাপক জনাব রূপক রায়, সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), কক্ষ নম্বর ৩২০ (তৃতীয় তলা), ১ম ব্লক, শিক্ষা ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০ টিকানা উল্লেখ করতে হবে; এবং
- গ) লেখার ফটোকপি ও অন্যান্য তথ্যাদি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।

২৪-১২-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির সকল শ্রেণি শিক্ষক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের বরাতে ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.২৩৬ নম্বর নোটিশের আলোকে প্রত্যেক শ্রেণি থেকে উক্ত প্রতিযোগিতায় কমপক্ষে ২ জন শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করবেন। অংশগ্রহণকারী শিক্ষার্থী রচনার হার্ড কপি সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে আগামী ২৩/১২/২০২০ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের অফিসে কম্পিউটার অপারেটর মোঃ নাজমুল হুদা (কলেজ শাখা) ও মোঃ কামাল হোসেনের (স্কুল শাখা) নিকট জমা দিবে।

কাজী মুহাম্মদ আতিকুল হক
মেজর
ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সদস্য সচিব